

ইনকিলাব



ইনকিলাব : সোমবার রাতে সকল ইসলামী ছাত্র সংগঠনের এক বৈঠক ঢাকায় অনুষ্ঠিত হয়। বৈঠকে সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য গঠিত ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও কওমী সনদের স্বীকৃতি আদায়ে ঐক্যবদ্ধ কর্মসূচী

মোঃ আবদুর রহিম : স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল ও কামিলের মান এবং কওমী মাদ্রাসার সনদের সরকারী স্বীকৃতির দাবী আদায়ে সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য গঠিত হয়েছে। এ দাবী আদায়ে ছাত্র সংগঠনসমূহ গঠিত 'সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্যের' মঞ্চ থেকে আগামী কয়েক দিনের মধ্যে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে

ঐক্যবদ্ধ আন্দোলনের কর্মসূচী ঘোষণা করবে। গত সোমবার রাত ৮টা থেকে গভীর রাত পর্যন্ত জুমিয়ে তালাবায় আরাবিয়ার ন্যাশনাল কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সর্বদলীয় ইসলামী ছাত্র নেতৃবৃন্দের বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। দেহরীতে হলেও উক্ত দাবী আদায়ে ইসলামী ছাত্র সংগঠনসমূহ আন্দোলনের ১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য

১২-এর পৃষ্ঠার পর
 অন্য ঐক্যবদ্ধ হয়ে একমুখে আসার পদক্ষেপকে উপস্থিত ছাত্র নেতৃবৃন্দ একটি সফল পদক্ষেপ বলে উল্লেখ করেন। সভায় ছাত্র নেতৃবৃন্দ বলেন, দাবী বাস্তবায়ন না হওয়া পর্যন্ত বৃহত্তর ও দীর্ঘ কর্মসূচী নিয়ে তারা ঐক্যবদ্ধ আন্দোলন অব্যাহত রাখবে। বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় আগামী ২/১ দিনের মধ্যেই ছাত্র ঐক্য আন্দোলনের কর্মসূচীসহ তৎপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেবে।

সভায় বাংলাদেশ জুমিয়ে তালাবায় আরাবিয়ার কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ ওয়াদিউল্লাহর সভাপতিত্বে এতে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ আক্কেমানে তামামীয়ে ইসলামিয়ার কেন্দ্রীয় সভাপতি আহমদ হাসান চৌধুরী শাহান, ইসলামী ছাত্র সেনার কেন্দ্রীয় সভাপতি গোলাম মাহমুদ হুইয়া, মানিক ইসলামী ছাত্রশক্তির আহবায়ক এম এম মাওদুদুল হুসেন, বেশকিছু ছাত্র আন্দোলনের সভাপতি মুহাম্মদ ফরহান ইসলাম, ইসলামী ছাত্রসমাজের কেন্দ্রীয় সভাপতি ইসমাইল বুখারী, ইসলামী ছাত্র মজলিসের কেন্দ্রীয় সভাপতি আবু সাইদ নোমান, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সহ-সভাপতি এম এ আতিক, ছাত্র জুমিয়ে তালাবায় কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মাহবুবুল আলম, আক্কেমানে তামামীয়ে ইসলামিয়ার কেন্দ্রীয় সাধারণ সম্পাদক এম এ কাদির আল হাসান, ইসলামী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোর্শেদ বান, ছাত্র হিবুতুল্লাহর ঢাকা মহানগর সভাপতি মুহাম্মদ শহীদুল্লাহ, ইউভেই ফোরামের প্রেসিডেন্ট

আনোয়ার হুসেন, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন সাধারণ সম্পাদক ফয়সল বারী মাসউদ, জুমিয়ে তালাবায় আরাবিয়ার প্রধান সম্পাদক আমিনুল ইকরাম, সহ-সভাপতি মুহিবুল্লাহ হুইয়া, ইসলামী ছাত্র মজলিসের কেন্দ্রীয় জেনারেল উমর ফারুক, বেলাফত আন্দোলনের সাধারণ সম্পাদক সুলতান মহি উদ্দীন, ইসলামী ছাত্র সেনার সহ-সাধারণ সম্পাদক আব্দুল হাকিম, তামামীয়ে ইসলামিয়ার সহ-সাধারণ সম্পাদক শাকীর আহমদ, প্রচার সম্পাদক আঞ্জির উদ্দীন পাশা প্রমুখ।

সভায় সকল সংগঠনের নেতৃবৃন্দ অভিমত প্রকাশ করেন- যুগের পর যুগ মাদ্রাসার ছাত্রছাত্রীর অবহেলার স্বীকার ও অধিকার বঞ্চিত হয়েছে। ইসলামী মূল্যবোধের দাবিদার এ সরকারের কতিপয় ইসলামবিদ্বেষী মাদ্রাসার শিকার বিরোধী শক্তি খাপটি মেতে বসে থেকে মাদ্রাসা শিকার বিরুদ্ধে কড়কড়ি চালিয়ে যাবে। তাই আর বঞ্চনা নয়, এবার তরু হবে অধিকার আদায়ের সঙ্গ্রাম। এ সঙ্গ্রামের মঞ্চ দিয়েই আমাদের দাবী আদায় করা হবে- ইনশাআল্লাহ।

নেতৃবৃন্দ বলেন, জোট সরকারের শরিক আমন্ত্রণে ইসলামী ও তাদের ছাত্র সংগঠন ছাত্রশক্তির ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরুদ্ধে অবস্থান নিয়েছে। তারা ফাজিল ও কামিলের মান জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে অপর একটি নিউটন মাদ্রাসা বাস্তবায়ন ঘটিয়ে, মাদ্রাসা শিকার অস্তিত্ব বিনাশে তৎপর হয়েছে। এদের চক্রান্তের বিরুদ্ধে সর্বশক্তি নিয়ে ইসলামী ছাত্রঐক্য মার্চে-ময়নানে নেবে তাদের দাবী আদায় করবে- ইনশাআল্লাহ।